গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-৩ শাখা
www.mohfw.gov.bd

বিষয়ঃ 'সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, মিরপুর ঢাকা এর ৭ (সাত) জন সহকারী অধ্যাপক এর ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে বেতনস্কেল নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	২৮.০২.২০১৮ খ্রিঃ
সভার সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ (কক্ষ নং- ৩১৫)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পার-৩) সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন যে, হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ৭ (সাত) জন সহকারী অধ্যাপক ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে বেতনস্কেল পুনঃনির্ধারণের আবেদন করেন। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রিট নং-২৯১৯/২০০৬ এর গত ০৩/১১/০৮ খ্রি: তারিখের রায় এবং উক্ত রিট মামলা হতে উদ্ভূত সিভিল আপিল ১২/২০১০ নম্বর মামলার ২৮/১১/২০১২খ্রি: তারিখের রায়, আদেশ এবং পর্যবেক্ষণের ভিত্তিতে ৭ জন রিটকারিকে সহকারী অধ্যাপক পদে গত ২৩/১২/২০০৪ খ্রি: তারিখ থেকে চাকুরি নিয়মিত করণের আদেশ দেয়া হয়। তিনি আরো জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ৯/১২/২০১৫খ্রি: তারিখে স্মারক নং-০৫.১৯০.০০৪.০০.০০.০৫৩.২০০৬ (অংশ-১)-৭১৮ ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়ের স্মারক নং ০৭.০০.০০০০.১৬৩. ০৪.০৭৪.১৬.৩০ সংখ্যক পত্রের অনুবৃত্তিক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জনস্বাস্থ্য-১/হোমিও-৮/২০০১(অংশ-) ৬৫৫ নম্বর স্মারকে সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, মিরপুর, ঢাকা এর সৃজনকৃত সহকারী অধ্যাপক পদের বিপরীতে পদসৃষ্টির তারিখ গত ২৩/১২/২০০৪ খ্রি: থেকে ভূতাপেক্ষভাবে নিয়মিতকরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রনালয়ের গত ৯/১২/২০১৫ তারিখের ০৫.১৯০.০০৪. ০০.০০০.৬৩.২০০৬ (অংশ-১)-৭১৮ সংখ্যক স্মারক মূলে আদালতের রায় বাস্তবায়নের লক্ষ্যে আবেদনকারী ০৭ জন শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিবেচনাপূর্বক পদসৃজনের তারিখ থেকে সহকারী অধ্যাপক পদে ভূতাপেক্ষভাবে আত্তীকরণের মতামত/ নির্দেশনা দেয়া হয়।

অধ্যক্ষ, হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ এ প্রসঙ্গে বলেন, ১৯৯৯ সালের অর্গানোগ্রামে ৬টি সহকারি অধ্যাপকের পদ রয়েছে। পরবর্তীতে ২৩/১২/২০০৪ খ্রি: তারিখে সরকারি হোমিওপ্যাথিক ডিগ্রি কলেজ ও হাসপাতালের জন্য ২৪(চব্বিশ)টি পদ সৃজন করা হয়। তন্মধ্যে সহকারী অধ্যাপকের ১০(দশ)টি এবং প্রভাষকের ১৪(চোদ্দ)টি পদ সৃজিত হয়েছে। ১৯৯৯ সালের অর্গানোগ্রামে সৃজিত ৬ (ছয়) জন সহকারি অধ্যাপকের বেতনস্কেল ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে উন্নীত করা হয় এবং উক্ত ছয় জন বর্তমানে PRL-এ আছেন। বিজ্ঞ আদালতের আদেশ অনুযায়ী আবেদনকারী ৭ জন সহকারি অধ্যাপক গত ২৩/১২/২০০৪ খ্রি: তারিখ থেকে কর্মরত আছেন এবং তাদেরকে বিজ্ঞ আদালতের নির্দেশনা অনুযায়ী উক্ত তারিখ থেতে চাকুরীতে নিয়মিত করা হয়। বর্তমানে ৭ (সাত) জন আবেদনকারীর অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে পূর্বের ন্যায় তাদের বেতন ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে উন্নীতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা এবং লাইন ডাইরেক্টর, মহাখালী, ঢাকা জানান, বিজ্ঞ আদালতের নির্দেশনা অনুযায়ী গত ২৩/১২/২০০৪ খ্রি: তারিখ থেকে আবেদনকারী ৭ জন সহকারি অধ্যাপকের পদে কর্মরত আছেন। বর্তমানে তাঁরা অনুমোদিত পদের বিপরীতে কর্মরত আছেন। অবিভক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গত ০৮/০৯/২০১৬খ্রি: তারিখের স্মারক নং- জনস্বাস্থ্য-১/ হোমিও-৮/২০০১(অংশ-২)-৭৪৫ এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৬/০২/২০১৬খ্রি: তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৩.০৪. ০৭৪.১৬-৩০ সংখ্যক পত্রের আদেশে ৭ম গ্রেডে বেতনস্কেল অনুসারে তারা বেতন পেয়ে আসছেন।

যুগ্মসচিব (পার) বলেন যে, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন ও অ্যাপিলেট ডিভিশনের আদেশ মোতাবেক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত গ্রহণপূর্বক আবেদনকারী ৭ জনকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জনস্বাস্থ্য-১ শাখা থেকে গত ২৩/১২/২০০৪ সাল থেকে বর্তমান পদে নিয়মিত করা হয়। সভায় তিনি আরো উল্লেখ করেন যে, আবেদনকারীগণ তাঁদের আবেদনে যে সিলেকশন গ্রেড প্রাপ্তির কথা উল্লেখ করেছেন তা যথার্থ নয়। তাছাড়া, ইতোমধ্যে ২ জন আবেদনকারীর বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ায় তাঁরা বর্তমানে PRL এর আবেদন করেছেন। এ পর্যায়ে এদের বিষয়ে কি সিদ্ধান্ত হবে সে বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করা হয়। সভাপতি ও সভায় উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করেন।

০২. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ইতোপূর্বে ২০১১ সনে যে ৬ জন সহকারি অধ্যাপককে ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে বেতনস্কেল পুনঃনির্ধারণ করা হয় সেই অনুযায়ী আবেদনকারী ৭ জনের মধ্যে যে ২ জন PRL এ গমন করেছেন তারা ছাড়া বাকী ৫ জন সহকারী অধ্যাপকের বেতনস্কেল সংশোধনের প্রস্তাবনা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে;

(খ) ৭ (সাত) জন সহকারী অধ্যাপকের মধ্যে যে ২ (দুই)জন অবসর-উত্তর ছুটি ভোগের আবেদন করেছেন তাদের ক্ষেত্রে ৭ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে উন্নীতকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ যুক্তিযুক্ত হবে না;

(গ) গত ২৩-১২-২০০৪খ্রি: তারিখে আরো যে ১০টি সহকারী অধ্যাপক পদ এবং ১৪টি প্রভাষক পদ সৃষ্টি হয়েছে তা অর্গানোগ্রামে অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

০৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৬/০৩/১৮
(স্মৃতি রাণী ঘরামী)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং- ৫৯.০০.০০০০.১১১.১৫.০৩২.১৭-৪৮

তারিখঃ ১১/০৩/২০১৮ খ্রিঃ।

বিতরণ ও সদয় কার্যার্থেঃ-

১। সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ অতিরিক্ত সচিব সংগঠন ও ব্যবস্থাপনা)অনুবিভাগ।
২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা এবং লাইন ডাইরেক্টর, মহাখালী, ঢাকা
৪। অধ্যক্ষ-কাম-অধীক্ষক, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল মিরপুর-১৪, ঢাকা-১২০৬।

অনুলিপিঃ

১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩। যুগ্মসচিব (পার), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

১১/৩/১৮
(নার্গিস আকতার ডলী)
উপসচিব
ফোন-৯৫৪৯১১২